



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



পা: স্বাক্ষর  
এতদ্বারা  
7.10.2020

স্মারকনং ওএম-৩৭সি-২(অংশ-১)/০৭/৭৩৭

তারিখ: ০৬/১০/২০২০

### বিজ্ঞপ্তি

সরকারি কলেজ/টিচার্স ট্রেনিং কলেজ/ আলিয়া মাদ্রাসার সম্মানিত অধ্যক্ষ/ বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মরত আছেন এমন প্রতিষ্ঠান প্রধানদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাগণের পদোন্নতি ও অন্যান্য কার্যক্রম চলমান থাকায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তাদের পিডিএস, বিষয় ভিত্তিক সৃষ্টি ও শূন্য পদ, সংযুক্ত/ইনসিটু পদের বিপরীতে কর্মরত কর্মকর্তাদের তথ্য হালনাগাদ থাকা জরুরী। কর্মকর্তাগণের পিডিএস হালনাগাদ না থাকায় মন্ত্রণালয় ও অধিদপ্তর থেকে চলমান বিভিন্ন কার্যক্রম সম্পাদনে জটিলতা দেখা দিচ্ছে।

এমতাবস্থায়, আগামী ১২/১০/২০২০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান তাঁর প্রতিষ্ঠানের কর্মকর্তাগণের পিডিএস হালনাগাদ করণের ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং প্রতিষ্ঠানের বিষয় ভিত্তিক সৃষ্টি ও শূন্যপদ, সংযুক্ত/ইনসিটু পদের বিপরীতে কর্মরত কর্মকর্তাদের তথ্য হালনাগাদ করবেন। হালনাগাদকৃত পিডিএস ও শূন্য পদের তথ্য সংক্রান্ত প্রিন্টকপি আগামী ১২/১০/২০২০ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর নিকট [ddgovtcollege@gmail.com](mailto:ddgovtcollege@gmail.com) -এ প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

কর্মরত কর্মকর্তাগণের পিডিএস ও শূন্য পদের তথ্য হালনাগাদ না থাকার ফলে সৃষ্টি যে কোন জটিলতার জন্য প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

বিষয়টি অতীব জরুরি।

নির্দেশিকা : ওয়েবসাইট: [www.emis.gov.bd](http://www.emis.gov.bd)

User Name : কর্মকর্তার ক্ষেত্রে মাউশি কন্ট্রোল ৮/১১ ডিজিট ক্যাডার আইডি এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের EIIN ডিফল্ট পাসওয়ার্ড : কর্মকর্তার ক্ষেত্রে ১৭০৩১৯২০ এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে ২৬০৩১৯৭১ (যারা ইতোমধ্যে পাসওয়ার্ড চেয়ে পরিবর্তন করছেন তাদের জন্য প্রযোজ্য নয়)।

প্রফেসর ড. শাহ মো: আমির আলী  
উপপরিচালক (কলেজ-১)  
ফোন: ৯৫৫৮৫০৫

অনুলিপি ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ২। অধ্যক্ষ/উপাধ্যক্ষ/সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান (সকল)
- ৩। অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান, সকল সরকারি কলেজ/মাদ্রাসা-ই-আলিয়া/সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ/এনসিটিবি/সকল বোর্ড/ডিআইএ/নায়েম/এইচএসটিটিআই/বিএমটিটিআই এবং সংশ্লিষ্ট সকল অফিস প্রধানকে তাঁর দপ্তরে কর্মরত বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাগণ-কে বিষয়টি অবহিতকরণের অনুরোধসহ
- ৪। সংরক্ষণ নথি।

D:\Feni College\Document-19-06-2013\Notice.doc



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
ফেনী সরকারি কলেজ, ফেনী



বিজ্ঞপ্তি নং-ফেসক/বিজ্ঞপ্তি/২০২০/২১

তারিখ : ০৭/১০/২০২০ খ্রি.

### বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা এর স্মারক নং-ওএম-৩৭সি-২ (অংশ-১) /০৭/৭৩৭ তারিখ ০৬/১০/২০২০ মোতাবেক ফেনী সরকারি কলেজে কর্মরত বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তাগণকে আগামী ১১/১০/২০২০ তারিখের মধ্যে তাঁদের হালনাগাদকৃত পিডিএস প্রিন্টকপি নিম্নস্বাক্ষরকারীর নিকট জমা দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

ফেনী সরকারি কলেজ, ফেনী